

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৪

8/ উযূ (کتاب الوضوء) পরিচ্ছেদঃ ১৩৩। পূর্ণ বেহুশী ছাড়া উয় না করা

باب مَنْ لَمْ يَتَوَضَّأُ إِلاَّ مِنَ الْغَشْيِ الْمُثْقِلِ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ، قَالَ حَدَّثَنِي مَالِكٌ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنِ امْرَأَتِهِ، فَاطِمةَ عَنْ جَدَّتِهَا، أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرِ أَنَّهَا قَالَتْ أَتَيْتُ عَائِشَةَ زَوْجَ النَّبِيِّ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم حينَ خَسَفَتِ الشَّمْسُ، فَإِذَا النَّاسُ قِيَامٌ يُصَلُّونَ، وَإِذَا هِي قَائِمةٌ تُصَلِّي عليه وسلم حينَ خَسَفَتِ الشَّمْسُ، فَإِذَا النَّاسُ قِيَامٌ يُصَلُّونَ، وَإِذَا هِي قَائِمةٌ تُصلِّي فَقُلْتُ اللَّهِ فَقُلْتُ اللَّهِ. فَقُلْتُ آيَةٌ فَأَشَارَتْ بَيدهَا نَحْوَ السَّمَاءِ وَقَالَتْ سُبْحَانَ اللَّهِ. فَقُلْتُ آيَةٌ فَأَشَارَتْ أَيْ فَقُسَرَفَ رَسُولُ نَعَمْ. فَقُمْتُ حَتَّى تَجَلاَّنِي الْغَشَىٰ، وَجَعَلْتُ أَصُبُ فَوْقَ رَأُسِي مَاءً، فَلَمَّا انْصَرَفَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم حَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ، ثُمَّ قَالَ " مَا مِنْ شَيْءٍ كُنْتُ لَمْ أَرَهُ إِلاَّ قَدْ رَأَيْتُهُ فِي مَقَامِي هَذَا حَتَّى الْجَنَّةِ وَالنَّارِ، وَلَقَدْ أُوحِيَ إِلَىَّ أَنَّكُمْ تُفْتَنُونَ فِي الْقُبُورِ مِثْلَ وَدُرَأَيْتُهُ فِي مَقَامِي هَذَا حَتَّى الْجَنَّةِ وَالنَّارِ، وَلَقَدْ أُوحِيَ إِلَىَّ أَنَّكُمْ تُفْتَنُونَ فِي الْقُبُورِ مِثْلَ أَوْ قَرِيبًا مِنْ فِثِنَةِ الدَّجَّالِ لِ لاَ أَدْرِي أَى ذَلِكَ قَالَتْ أَسْمَاءُ لَي فَلُكُمُ فَيُقَالُ مَا عِلْمُكَ بِهَنَا الرَّجُلِ فَأَمَّا الْمُؤْمِنُ لَ إَلَى الْمُونِ لَا أَدْرِي أَى ذَلِكَ قَالَتْ أَسْمَاءُ لَ فَيُقُولُ هُوَ مُحَمَّد رَسُولُ اللَّهِ، جَاءَنَا بِالْبَيْنَاتِ وَالْهُدَى، فَأَجُبْنَا وَآمَنَّا وَآمَنَا وَاتَبُعْنَا، فَيُقَالُ نَمْ صَالِحًا، فَقَدْ عَلِمْنَا وَلَمَنَا وَلَاكُ تَا لَوْلُونَ شَيْئًا فَقُلْتُهُ ". إِنْ كُنْتَ لَمُومُنَا، وَأَمَّا الْمُنَافِقُ لَ أَو الْمُرْتَابُ لاَ أَدْرِي أَى ذَلِكَ قَالَتْ أَسْمَاءُ لَ فَيَقُولُ لاَ رَبْلَكَ قَالَتْ أَسْمَاءُ لَى فَقُولُونَ شَيْئًا فَقُلْتُهُ ".

বাংলা

১৮৪। ইসমাইল (রহঃ) আসমা বিনত আবূ বকর (রাঃ) থেকে বর্ণিতঃ তিনি বলেন, আমি একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রী 'আয়িশা (রাঃ) এর কাছে এলাম। তখন সুর্য গ্রহণ লেগেছিল। দেখলাম সব মানুষ দাঁড়িয়ে সালাত (নামায/নামাজ) আদায় করছে এবং 'আয়িশা (রাঃ)-ও দাঁড়িয়ে সালাত (নামায/নামাজ) আদায় করছেন। আমি জিজ্ঞাসা করলাম লোকদের কী হয়েছে? তিনি তাঁর হাত দিয়ে আকাশের দিকে ইঙ্গিত করে বললেন, 'সুবহানাল্লাহ্'! আমি বললাম এটা কি কোন আলামত? তিনি ইশারা করে বললেন, 'হাাঁ'। এরপর আমিও সালাতে দাঁড়িয়ে গোলাম। এমনকি আমাকে সংজ্ঞাহীনতায় আচ্ছন্ন করে ফেলল এবং আমি আমার মাথায় পানি



দিতে লাগলাম। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম (মুসল্লিদের দিকে) ফিরে আল্লাহর প্রশংসা ও মহিমা বর্ণনা করে বললেন, "যেসব জিনিস আমি ইতিপূর্বে দেখিনি সেসব আমি আমার এই স্থানে আমি দেখতে পেয়েছি, এমনকি জান্নাত এবং জাহান্নামও।

আর আমার কাছে ওহী পাঠানো হয়েছে যে, কবরে তোমাদের পরীক্ষা করা হবে দাজ্জালের ফিতনার ন্যায় অথবা তার কাছাকাছি। বর্ণনাকারী বলেন, আসমা (রাঃ) কোনটি বলেছিলেন, আমি জানিনা। তোমাদের প্রত্যেকের কাছে (ফিরিশতা) উপস্থিত হবে এবং তাকে জিজ্ঞাসা করা হবে, "এ ব্যাক্তি সম্পর্কে তোমার কি জ্ঞান আছে?" –তারপর 'মু'মিন, বা 'মু'কিন' ব্যাক্তি বলবে- আসমা 'মুমিন' বলেছিলেন না 'মুকিন' তা আমি জানিনা- ইনি মুহাম্মদুর রাসূলুল্লাহ। তিনি আমাদের কাছে মু'জিযা ও হিদায়ত নিয়ে এসেছিলেন। আমরা তাঁর ডাকে সাড়া দিয়েছি, তাঁর প্রতি ঈমান এনেছি এবং তাঁর অনুসরণ করেছি। তারপর তাকে বলা হবে নিশ্চিন্তে ঘুমাও। আমরা জানলাম যে, তুমি মু'মিন ছিলে। আর 'মুনাফিক' বা 'মুরতাব' বলবে, আমি জানিনা। আসমা এর কোনটি বলেছিলেন তা আমি জানিনা- লোকজনকে এঁর সম্পর্কে কিছু একটা বলতে শুনেছি আর আমিও তা-ই বলেছি।

English

Whoever does not repeat ablution except after fallinginto deep sleep - losing consciousness completely

Narrated Asma' bint Abu Bakr: I came to `Aisha the wife of the Prophet (sallallahu 'alaihi wa sallam) during the solar eclipse. The people were standing and offering the prayer and she was also praying. I asked her, "What is wrong with the people?" She beckoned with her hand towards the sky and said, "Subhan Allah." I asked her, "Is there a sign?" She pointed out, "Yes." So I, too, stood for the prayer till I fell unconscious and later on I poured water on my head. After the prayer, Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) praised and glorified Allah and said, "Just now I have seen something which I never saw before at this place of mine, including Paradise and Hell. I have been inspired (and have understood) that you will be put to trials in your graves and these trials will be like the trials of Ad-Dajjal, or nearly like it (the sub narrator is not sure of what Asma' said). Angels will come to every one of you and ask, 'What do you know about this man?' A believer will reply, 'He is Muhammad, Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam), and he came to us with self-evident truth and guidance. So we accepted his teaching, believed and followed him.' Then the angels will say to him to sleep in peace as they have come to know that he was a believer. On the other hand a hypocrite or a doubtful person will reply, 'I do not know but heard the people saying something and so I said the same.' "

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু আবূ বাকর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন